# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College under University of Calcutta)**

**FIRST YEAR**

**B.A./B.SC. FIRST SEMESTER (July–December), 2012**

**Mid-Semester Examination, September, 2012**

Date : 10/09/12

BENGALI (Honours)

Time : 11am - 1pm

Full Marks : 50

## বিভাগ - ক

১। গানের সুর-তাল-লয়ে বৌদ্ধ সহজিয়া ধর্ম-দর্শন-তত্ত্ব-তন্ত্র কীভাবে চর্যাপদের মধ্যে উপস্থাপিত হয়েছে, তা লেখো। (১০)

অথবা

'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে তুর্কি বিজয়োত্তর সমাজ-সংস্কৃতির যে সামগ্রিক ছবি উপস্থাপিত হয়েছে, তার স্বরূপটি দেখাও।

২। সংক্ষিপ্ত পরিচয় দাও ঃ ১টি (৫)

চর্যাপদের কবি

অথবা

'শ্রীকৃষ্ণকীর্তন' - এর 'রাধাবিরহ' অংশ

৩। বানান শুদ্ধ করে লেখো ঃ ২টি (২×১=২)

প্রতিদ্বন্দ্বীতা, মুমুর্ষু, প্রতিবেশিনি

৪। নীচের বানানে যুক্তবর্ণে কোন্ কোন্ ব্যঞ্জন আছে, তা দেখাও। (যে কোনও ৩টি) (৩×১=৩)

বিজ্ঞ, কর্তৃ, অপরাহ্ন, কিংকর্তব্যবিমূর

## বিভাগ - খ

১। পঞ্চরসের নামোল্লেখ করে মধুব রসকে শ্রেষ্ঠ বলার কারণ লেখো। (৭)

অথবা

গৌরচন্দ্রিকা ও গৌরাঙ্গ বিষয়ক পদের পার্থক্য লেখো। তোমার পাঠ্য একটি গৌরচন্দ্রিকা বা গৌরাঙ্গ বিষয়ক পদের কাব্যসৌন্দর্য বিচার করো।

২। 'সুন্দরী কৈছে করবি অভিসার।' - সুন্দরী কে? কোন্ পর্যায়ের পদ? কবি কে? (১+১+১)

৩। রামপ্রসাদ ও কমলাকান্তের কবি প্রতিভার তুলনামূলক আলোচনা করো। (৭)

অথবা

রবীন্দ্রনাথ ঠাকুর বলেছেন, 'হর-গৌরীর কথায় আমাদের বাংলাদেশের একটা বড়ো মর্মের কথা আছে।' - আমাদের দেশের উক্ত মর্মকথাটির স্বরূপ বিশ্লেষণ করো।

৪। 'এবার মায়ে-ঝিয়ে কর্‌বো ঝগড়া, জামাই বলে মানব না।' - বক্তা কে? কাকে উদ্দেশ্য করে এই বক্তব্য? পদটির পদকর্তা কে? (১+১+১)

৫। যে কোনও ২টি সম্পর্ক লেখো ঃ (২×৫=১০)

দল,——————————————যতি, পর্ব, কলা

⸙